বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর রিপোর্ট

পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর ড্রেজার ও সরঞ্জাম ক্রয় ও ব্যবহার সংক্রান্ত কমপ্লায়েন্স অডিট রিপোর্ট

রিপোর্ট নম্বর: ২৪/২০২১

বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর রিপোর্ট

পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর ড্রেজার ও সরঞ্জাম ক্রয় ও ব্যবহার সংক্রান্ত কমপ্লায়েন্স অডিট রিপোর্ট

রিপোর্ট নম্বর: ২৪/২০২১

সূচিপত্র

ক্রমিক নম্বর	বিবরণ	পৃষ্ঠা নম্বর
	প্রথম অংশ	
১	মুখবন্ধ	vii
	অধ্যায়-১	
২	অডিট বিষয়ক সংক্ষিপ্ত তথ্যাবলী	৩-৬
৩	নির্বাহী সারসংক্ষেপ	৭
৪	শব্দ সংক্ষেপ	৯
	অধ্যায়-২	
৫	অডিট অনুচ্ছেদসমূহের সারসংক্ষেপ	১৩
৬	অডিট অনুচ্ছেদসমূহের বিস্তারিত বিবরণ	১৭-২৮
	দ্বিতীয় অংশ	
৭	পরিশিষ্টসমূহ	৩১-৪৯

প্রথম অংশ

মুখবন্ধ

১। দি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এডিশনাল ফাংশনস্) অ্যাক্ট, ১৯৭৪ এর ধারা- ৫(১) অনুযায়ী সকল Statutory Public Authority, Local Authority ও Public Enterprise এর হিসাব অডিট করার জন্য বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল ক্ষমতাপ্রাপ্ত।

২। পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিয়ন্ত্রণাধীন ড্রেজার ইউনিটসমূহের ২০১৭-২০১৮ হতে ২০১৯-২০২০ অর্থ বছরের আর্থিক কার্যক্রমের উপর পূর্ত অডিট অধিদপ্তর কর্তৃক নমুনামূলক যাচাইয়ের মাধ্যমে অডিট সম্পাদনপূর্বক এই রিপোর্ট প্রণয়ন করা হয়েছে। সরকারি সম্পদ ও অর্থ ব্যবহারের ক্ষেত্রে চিহ্নিত গুরুতর আর্থিক অনিয়মসমূহের সাথে জড়িতদের জবাবদিহিতার আওতায় আনয়ন করাই এই রিপোর্টের মূল উদ্দেশ্য।

৩। এই অডিট রিপোর্টে অন্তর্ভুক্ত ১২টি অনুচ্ছেদে বর্ণিত অনিয়মসমূহ নিরীক্ষিত প্রতিষ্ঠানের প্রধান বরাবর ইস্যু করা হয়েছে। একই সাথে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিব মহোদয়কে অবহিত করা হয়েছে এবং তাঁদের জবাব প্রাপ্তি সাপেক্ষে বিবেচনাপূর্বক এই রিপোর্ট চূড়ান্ত করা হয়েছে।

৪। এই অডিট সম্পাদন ও রিপোর্ট প্রণয়নে বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল কর্তৃক জারীকৃত Government Auditing Standards of Bangladesh অনুসরণ করা হয়েছে।

৫। জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে দি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এডিশনাল ফাংশনস্) অ্যাক্ট, ১৯৭৪ এর ধারা-৫(১) অনুযায়ী এই অডিট রিপোর্ট মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করা হলো।

তারিখ: ১৯/০২/১৪২৯ বঙ্গাব্দ
২/৫/২০২২ খ্রিষ্টাব্দ।

(মোহাম্মদ মুসলিম চৌধুরী)
বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল

অধ্যায়-১

অডিট বিষয়ক সংক্ষিপ্ত তথ্যাবলী

রিপোর্ট সম্পর্কিত তথ্য: এই রিপোর্টে পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিয়ন্ত্রণাধীন ড্রেজার ইউনিটসমূহ এর ২০১৭-২০১৮ হতে ২০১৯-২০২০ অর্থ বছরসমূহের হিসাব এর উপর কমপ্লায়েন্স অডিট পরিচালনা করে প্রস্তুত করা হয়েছে। উক্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য আইন ও বিধি অডিট Criteria হিসেবে বিবেচনাপূর্বক নমুনায়নের মাধ্যমে উচ্চ ঝুঁকি ক্ষেত্র চিহ্নিত করে মাঠ পর্যায়ে নিরীক্ষা সমাপনান্তে রিপোর্টটি প্রস্তুত করা হয়েছে।

অডিটি প্রতিষ্ঠান সম্পর্কিত তথ্য:

প্রতিষ্ঠান পরিচিতি:

নদ-নদীর নাব্যতা রক্ষাকল্পে বৃটিশ আমল হতেই এ উপমহাদেশে ড্রেজার ব্যবহৃত হয়ে আসছে। ১৯৪৭ সাল হতে তৎকালীন সিবিএন্ডআই (Construction Building & Irrigation Department) কর্তৃক এসডি ফয়ার্জ ও এসডি আলেকজান্ডার নামের দুটি ড্রেজার দ্বারা বাংলাদেশ ভূখণ্ডে ড্রেজিং কার্যক্রম শুরু করা হয়। পরবর্তীতে ১৯৫৩ সালে ১৮ টি ১২ ইঞ্চি, ০১ টি ৪১ ইঞ্চি কাটার সাকশন ড্রেজার সংগ্রহ করে ড্রেজিং কার্যক্রম পরিচালনা করা হয়। ১৯৫৯ সালে ড্রেজারগুলোসহ সংস্থাটি ইপি ওয়াপদার (East Pakistan Water and Power Development Authority) নিকট হস্তান্তরিত হয়। বর্তমানে পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীনে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিয়ন্ত্রণে ড্রেজারের যাবতীয় কার্যক্রম পরিচালিত হয়ে আসছে।

প্রতিষ্ঠানের অর্গানোগ্রাম : নীড বেসড সেট- আপ এ ড্রেজার পরিদপ্তরের প্রশাসনিক বিন্যাস :



প্রতিষ্ঠানের কার্যাবলী:

বাংলাদেশের নদ-নদীসমূহ খননের মাধ্যমে নদ-নদীর ধারণ ক্ষমতা বৃদ্ধি, সুষ্ঠু পানি সম্পদ ব্যবস্থাপনা, সেচ ব্যবস্থাপনা উন্নয়নের লক্ষ্যে ক্যাপিটাল ড্রেজিং ও মেইনটেনেন্স ড্রেজিং সম্পাদন।

প্রতিষ্ঠানের Key Performance Indicator:

নদী ড্রেজিং (১৫১ কিলোমিটার)।

প্রতিষ্ঠানের বাজেট ও ব্যয় বিশ্লেষণ:

(ক)

ক্র: নং	অফিসের নাম	আর্থিক সন	প্রাপ্ত বরাদ্দ	মোট ব্যয়	উদ্বৃত্ত	মন্তব্য
১	নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, মেরামত ও ক্রয় বিভাগ-১, নারায়নগঞ্জ (২৫০৭) ।	২০১৭-২০১৮	১৫৬৯৯০০০	১৫৬৮৯২৫৬	৯৭৪৪	সংস্থাপন ব্যয় ব্যতীত।
২	নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, মেরামত ও ক্রয় বিভাগ-২, নারায়নগঞ্জ (২৫০৮) ।	২০১৭-২০১৮	২৩৬১২০০	২৩৫৬৫৮৪	৪৬১৬	
৩	নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, নারায়নগঞ্জ ড্রেজার বিভাগ, নারায়নগঞ্জ (২৫০৯) ।	২০১৭-২০১৮	৩৩২১৯৪৯১	৩৩০১৯৭৮১	১৯৯৭১০	
৪	নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, চট্রগ্রাম ড্রেজার বিভাগ, চট্রগ্রাম (২৫১০) ।	২০১৭-২০১৮	১১৫০০৮৬১	১১২৭৭৫৯২	২২৩২৬৯	
৫	নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, খুলনা ড্রেজার বিভাগ, খুলনা (২৫১১) ।	২০১৭-২০১৮	৬৭২৬৯০৭	৬৭১৮৯৭৯	৭৯২৮	
৬	নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, ভেড়ামারা ড্রেজার বিভাগ, ভেড়ামারা, কুষ্টিয়া (২৫১২)।	২০১৭-২০১৮	৩৫৩৫৩০০	৩৫৩৩২৯৬	২০০৪	
৭	নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, মানিকগঞ্জ ড্রেজার বিভাগ, মানিকগঞ্জ (২৫১৩) ।	২০১৭-২০১৮	৬০৮৫৫০০	৬০৮১৬৬১	৩৮৩৯	
		মোট	৭৯১২৮২৫৯	৭৮৬৭৭১৪৯	৪৫১১১০	

(খ)

৮	বাংলাদেশের নদী খননের জন্য ড্রেজার ও আনুষঙ্গিক যন্ত্রপাতি ক্রয় প্রকল্প।	২০১৭-২০১৮	১১০০০০০০০০	১০৯৯২৭৭১৫৬	৭২২৮৪৪	সংস্থাপন ব্যয় ব্যতীত ।
		মোট	১১০০০০০০০০	১০৯৯২৭৭১৫৬	৭২২৮৪৩	
		সর্বমোট (ক+খ)	১১৭৯১২৮২৫৯	১১৭৭৯৫৪৩০৫	১১৭৩৯৫৪	

(ক)

ক্র: নং	অফিসের নাম	আর্থিক সন	প্রাপ্ত বরাদ্দ	মোট ব্যয়	উদ্বৃত্ত	মন্তব্য
১	নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, মেরামত ও ক্রয় বিভাগ-১, নারায়নগঞ্জ (২৫০৭) ।	২০১৮-২০১৯	৯৭৩৬০০০	৯৭২৮৬৭৮	৭৩২২	সংস্থাপন ব্যয় ব্যতীত।
২	নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, মেরামত ও ক্রয় বিভাগ-২, নারায়নগঞ্জ (২৫০৮) ।	২০১৮-২০১৯	১৫৮৮৭০০০	১৫৮৭৭০৫৪	৯৯৪৬	
৩	নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, নারায়নগঞ্জ ড্রেজার বিভাগ, নারায়নগঞ্জ (২৫০৯) ।	২০১৮-২০১৯	১৩১৮৩০০০	১৩১৮৩০০০	০০০	
৪	নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, চট্রগ্রাম ড্রেজার বিভাগ, চট্রগ্রাম (২৫১০) ।	২০১৮-২০১৯	৩৮৬৭০০০	৩৮১৩৫১৩	৫৩৪৮৭	
৫	নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, খুলনা ড্রেজার বিভাগ, খুলনা (২৫১১) ।	২০১৮-২০১৯	১৪২৬৪০০০	১৩৯১৪২৬০	৩৪৯৭৪০	
৬	নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, ভেড়ামারা ড্রেজার বিভাগ, ভেড়ামারা, কুষ্টিয়া (২৫১২)।	২০১৮-২০১৯	৩০০১০০০	২৬০১৩৩৪	৩৯৯৬৬৬	
৭	নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, মানিকগঞ্জ ড্রেজার বিভাগ, মানিকগঞ্জ (২৫১৩) ।	২০১৮-২০১৯	২৩৪০০০০	১৬০৭৭৩১	৭৩২২৬৯	
		মোট	৬২২৭৮০০০	৬০৭২৫৫৭০	১৫৫২৪৩০	

(খ)

৮	বাংলাদেশের নদী খননের জন্য ড্রেজার ও আনুষঙ্গিক যন্ত্রপাতি ক্রয় প্রকল্প।	২০১৮-২০১৯	২৫০০০০০০০	১২১৪৬২৭৬৫	১২৮৫৩৭২৩৫	সংস্থাপন ব্যয় ব্যতীত।
		মোট	২৫০০০০০০০	১২১৪৬২৭৬৫	১২৮৫৩৭২৩৫	
		সর্বমোট (ক+খ)	৩১২২৭৮০০০	১৮২১৮৮৩৩৫	১৩০০৮৯৬৬৫	

(ক)

ক্র: নং	অফিসের নাম	আর্থিক সন	প্রাপ্ত বরাদ্দ	মোট ব্যয়	উদ্বৃত্ত	মন্তব্য
১	নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, মেরামত ও ক্রয় বিভাগ-১, নারায়নগঞ্জ (২৫০৭) ।	২০১৯-২০২০	১৮১৮২০০০	১৬৯০৫২১৫	১২৭৬৭৮৫	সংস্থাপন ব্যয় ব্যতীত।
২	নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, মেরামত ও ক্রয় বিভাগ-২, নারায়নগঞ্জ (২৫০৮) ।	২০১৯-২০২০	১০৪১৬৫০০০	১০৩৯৫১০৯০	২১৩৯১০	
৩	নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, নারায়নগঞ্জ ড্রেজার বিভাগ, নারায়নগঞ্জ (২৫০৯) ।	২০১৯-২০২০	২৪৭২৭০০০	২৪৪৭৭২৪৯	২৪৯৭৫১	
৪	নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, চট্রগ্রাম ড্রেজার বিভাগ, চট্রগ্রাম (২৫১০) ।	২০১৯-২০২০	৬৬৫৪০০০	৬৬৩৭৫২৭	১৬৪৭৩	
৫	নির্বাহী প্রকৌশলীর কার্যালয়,খুলনা ড্রেজার বিভাগ, খুলনা (২৫১১) ।	২০১৯-২০২০	১১৫১৭০০০	১১৫১৭০০০	০০০	

ক্র: নং	অফিসের নাম	আর্থিক সন	প্রাপ্ত বরাদ্দ	মোট ব্যয়	উদ্বৃত্ত	মন্তব্য
৬	নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, ভেড়ামারা ড্রেজার বিভাগ, ভেড়ামারা, কুষ্টিয়া (২৫১২)।	২০১৯-২০২০	২৫৮৩৮০০০	২৫৮২৫০৪৯	১২৯৫১	
৭	নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, মানিকগঞ্জ ড্রেজার বিভাগ, মানিকগঞ্জ (২৫১৩) ।	২০১৯-২০২০	২৫৫৭৯০০০	২৫৩৫৯৮১৬	২১৯১৮৪	
		মোট	২১৬৬৬২০০০	২১৪৬৭২৯৪৬	১৯৮৯০৫৪	

(খ)

৮	বাংলাদেশের নদী খননের জন্য ড্রেজার ও আনুষঙ্গিক যন্ত্রপাতি ক্রয় প্রকল্প।	২০১৯-২০২০	২৬০০০০০০০	৬৬৬৯৫৬৬	২৫৩৩৩০৪৩৪	সংস্থাপন ব্যয় ব্যতীত।
		মোট	২৬০০০০০০০	৬৬৬৯৫৬৬	২৫৩৩৩০৪৩৪	
		সর্বমোট (ক+খ)	৪৭৬৬৬২০০০	২২১৩৪২৫১২	২৫৫৩১৯৪৮৮	

২০১৭-১৮ হতে ২০১৯-২০২০ অর্থবছরে মোট বরাদ্দ ও ব্যয় :

সাল	বরাদ্দ	ব্যয়
১	২	৩
২০১৭-১৮	১১৭৯১২৮২৫৯	১১৭৭৯৫৪৩০৫
২০১৮-১৯	৩১২২৭৮০০০	১৮২১৮৮৩৩৫
২০১৯-২০	৪৭৬৬৬২০০০	২২১৩৪২৫১২
মোট	১৯৬৮০৬৮২৫৯	১৫৮১৪৮৫১৫২

নিরীক্ষার আইনগত ভিত্তি :

দি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (অ্যাডিশনাল ফাংশন্স) অ্যাক্ট, ১৯৭৪ অনুযায়ী এই অডিট পরিচালনা করা হয়েছে।

নিরীক্ষার পরিধি : ২০১৭-২০১৮ হতে ২০১৯-২০২০ অর্থ বছরের ড্রেজার সরঞ্জাম ক্রয় ও ব্যবহার সংক্রান্ত হিসাব নিরীক্ষা।

নিরীক্ষা পরিকল্পনা ও পরিচালনা সংক্রান্ত তথ্য :

নিরীক্ষার বিষয়বস্তু:

- হিসাব বিবরণীতে প্রদর্শিত অংক এবং অন্যান্য তথ্যাদি সম্পর্কিত প্রাসঙ্গিক প্রমাণক নমুনায়ন ভিত্তিক পরীক্ষণ;
- প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার তাৎপর্যপূর্ণ যুক্তিসমূহের মূল্যায়ন;
- সরকারি সম্পদ ব্যবহারে অনিয়ম, অযথার্থতা এবং অপচয়ের বিষয়ে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ বিষয়ে নিশ্চিত হওয়া;
- ভান্ডার ও মজুদের প্রাপ্তি ও বিতরণ হিসাব পরীক্ষাকরণ।

নিরীক্ষার কৌশল:

- সংশ্লিষ্ট দপ্তরের বিভিন্ন কর্মকর্তাগণের সাথে মতবিনিময় ও তথ্য সংগ্রহ;
- নিরীক্ষাযোগ্য কাগজপত্র পর্যালোচনা;
- বাস্তব পরিদর্শন;
- নিরীক্ষা জিজ্ঞাসাপত্র ইস্যু, জবাব গ্রহণ ও আলোচনা।

নিরীক্ষার সময়কাল: ২৩-০৯-২০২০ খ্রি. হতে ২২-১১-২০২০ খ্রি. পর্যন্ত।

পূর্ববর্তী অডিট রিপোর্টের হালনাগাদ তথ্য : উক্ত প্রতিষ্ঠানসমূহে ইতোপূর্বে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিয়মানুগ নিরীক্ষার সাথে ড্রেজার ইউনিটসমূহ নিরীক্ষা পরিকল্পনায় অন্তর্ভুক্ত করে নিরীক্ষা কার্য সম্পাদন করা হয়েছে।

নির্বাহী সারসংক্ষেপ

পূর্ত অডিট অধিদপ্তর এর নিরীক্ষার নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আওতাধীন ড্রেজার ইউনিটসমূহের ২০১৭-২০১৮ হতে ২০১৯-২০২০ অর্থ বছরের আয়-ব্যয় ও বাজেট বরাদ্দের বিপরীতে সম্পাদিত কাজের রেকর্ডপত্র ও নমুনা সংগ্রহের মাধ্যমে পরিকল্পনা প্রণয়নপূর্বক অডিট করা হয়।

অডিট চলাকালে বেশ কিছু আর্থিক অনিয়ম ও বিধি-বিধানের লঙ্ঘন পরিলক্ষিত হয়েছে। মূলত: প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার দুর্বলতা ও আর্থিক বিধি-বিধান পরিপালন না করার কারণে এই অডিট অনুচ্ছেদসমূহ উত্থাপিত হয়েছে। অডিট চলাকালে ১০ টি অডিট অনুচ্ছেদ নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাবের প্রেক্ষিতে নিষ্পত্তি করা হয়েছে। অনিষ্পন্ন অডিট অনুচ্ছেদগুলোর মধ্য হতে গুরুতর আর্থিক অনিয়ম (SFI) সংক্রান্ত অনুচ্ছেদসমূহ এই রিপোর্টে অন্তর্ভুক্ত করা হয়েছে।

এই রিপোর্টে ১২টি অডিট অনুচ্ছেদ উত্থাপন করা হয়েছে এবং এতে জড়িত টাকার পরিমাণ ৮৫৬,৩৯,৪১,৮৩৫(আটশত ছাপ্পান্ন কোটি ঊনচল্লিশ লক্ষ একচল্লিশ হাজার আটশত পঁয়ত্রিশ) টাকা। নিরীক্ষা বছরের পূর্ববর্তী সময় হতে যন্ত্রপাতির মূল্য অনুচ্ছেদে অন্তর্ভুক্ত হওয়ায় নিরীক্ষা বছরের বাজেটের তুলনায় আপত্তিতে জড়িত অর্থের পরিমাণ বেশী হয়েছে। এই রিপোর্টে অন্তর্ভুক্ত উল্লেখযোগ্য অনিয়মসমূহ নিম্নরুপ:

১. যন্ত্রপাতি দীর্ঘদিন যাবৎ গৃহীত না হওয়ায় সরকারি অর্থ/সম্পদ ক্ষতির সম্মুখীন।

২. ভাড়ায় প্রদানকৃত ড্রেজারসমূহ ফেরত না আনা এবং বকেয়া ড্রেজার ভাড়া ও নিরাপত্তা জামানত বাবদ অর্থ আদায় না করায় সরকারের অর্থ/সম্পদের ক্ষতি।

৩. চুক্তি অনুযায়ী মাটি খনন কাজ বাস্তবায়ন না হওয়ায় সরকারের আর্থিক ক্ষতি।

৪. সরবরাহ কাজ সমাপ্তির পূর্বেই কার্য সম্পাদন জামানত হিসেবে জমাকৃত ব্যাংক গ্যারান্টির মেয়াদ বর্ধিত না করায় বা নগদায়ন না করায় আর্থিক ক্ষতি।

নিরীক্ষিত প্রতিষ্ঠানসমূহের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা শক্তিশালীকরণ, সরকারি অর্থ আদায়ে ও ব্যয়ে প্রচলিত বিধি-বিধান পরিপালন, একই ধরনের অনিয়মের পুনরাবৃত্তি না ঘটানো ও পূর্ববর্তী অডিটের সুপারিশসমূহ বাস্তবায়ন না করার বিষয়ে কর্তৃপক্ষের মনোনিবেশ করার প্রয়োজনীয়তা এই অডিট রিপোর্টে প্রতিফলিত হয়েছে।

[

শব্দ সংক্ষেপ

সংক্ষিপ্ত রূপ	পূর্ণরূপ
CPTU	Central Procurment & Technical Unit.
GCC	General Conditions of Contract.
GFR	General Financial Rules.
HDPE	High Density Poly Ethylene.
IMED	Implementation Monitoring & Evaluation Department.
LD	Liquidated Damages.
NWP	National Water Policy.
PCC	Particular Conditions of Contract.
R & I	Receive & Inspection.
SD	Suction Dredger.

অধ্যায়-২

অডিট অনুচ্ছেদসমূহের সারসংক্ষেপ

অনুচ্ছেদ নম্বর	শিরোনাম	জড়িত (টাকা)
১	২	৩
০১	ক্রয়কৃত যন্ত্রপাতি গৃহীত না হওয়ায় সরকারি সম্পদ ক্ষতির সম্মুখীন।	৬৬৩,০৯,৫৭,০০০
০২	ভাড়ায় প্রদানকৃত ড্রেজারসমূহ ফেরত না আনা এবং বকেয়া ড্রেজার ভাড়া ও নিরাপত্তা জামানত বাবদ অর্থ আদায় না করায় সরকারের আর্থিক ক্ষতি।	১,৫৮,৮৬,৮৪৯
০৩	ড্রেজার ভাড়ার অর্থ আদায় না করায় সরকারের আর্থিক ক্ষতি।	২২,০৮,৫৮৫
০৪	অজ্ঞাত কারণে ড্রেজার হস্তান্তরের ফলে হাতছাড়া হওয়ায় সরকারি সম্পদের ক্ষতি।	--
০৫	চুক্তি অনুযায়ী মাটি খনন কাজ বাস্তবায়ন না হওয়ায় সরকারের আর্থিক ক্ষতি।	১২৪,৬০,১৬,২৮২
০৬	সরবরাহ কাজ সমাপ্তির পূর্বেই কার্য সম্পাদন জামানত হিসেবে জমাকৃত ব্যাংক গ্যারান্টির মেয়াদ অতিক্রান্ত হওয়ায় আর্থিক ক্ষতি।	৫০,৪৪,২৩,৩৩৪
০৭	সিডি ভ্যাট খাতের অব্যয়িত অর্থ সরকারি খাতে জমা না হওয়ায় আর্থিক ক্ষতি।	৬,০০,০০,০০০
০৮	ড্রেজার/সরঞ্জাম সামগ্রী সরবরাহ না করায় ঠিকাদারের বিলের দাবী হতে বিলম্বজনিত জরিমানা (Liquidated Damages) বাবদ অর্থ আদায় না করায় সরকারের আর্থিক ক্ষতি।	৫,৮২,৪৭,৯২৭
০৯	মাটি উত্তোলন কাজ বাস্তবায়নের ফলে প্রাপ্য বকেয়া অর্থ আদায় না করায় সরকারের আর্থিক ক্ষতি।	৬২,০৪,০০৭
১০	২০১৯-২০২০ আর্থিক সালে কোন কাজ বাস্তবায়ন না করা সত্ত্বেও অনিয়মিত শ্রমিক ব্যয় বাবদ অর্থ ব্যয়ের ফলে আর্থিক ক্ষতি।	১,৭৫,৮৫,১৩৯
১১	ভ্যাট ও আয়কর বাবদ অর্থ আদায় না করায় সরকারের রাজস্ব ক্ষতি।	৩৪,৫৪,৬৭৫
১২	প্রকল্পের ব্যাংক হিসাবে অর্জিত সুদ বাবদ অর্জিত অর্থ সরকারি কোষাগারে জমা না করায় রাজস্ব ক্ষতি।	১,৮৯,৫৮,০৩৭
	মোট=	৮৫৬,৩৯,৪১,৮৩৫

কথায়: আটশত ছাপ্পান্ন কোটি উনচল্লিশ লক্ষ একচল্লিশ হাজার আটশত পঁয়ত্রিশ টাকা।

অডিট অনুচ্ছেদসমূহের বিস্তারিত বিবরণ

অনুচ্ছেদ নং-০১

শিরোনাম: ক্রয়কৃত যন্ত্রপাতি ভান্ডারে গৃহীত না হওয়ায় ৬৬৩,০৯,৫৭,০০০ (ছয়শত তেষট্টি কোটি নয় লক্ষ সাতান্ন হাজার) টাকা মূল্যের সরকারি সম্পদ ক্ষতির সম্মুখীন।

বিবরণ : বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিয়ন্ত্রণাধীন প্রকল্প পরিচালক, বাংলাদেশের নদী ড্রেজিং এর জন্য ড্রেজার এবং আনুষঙ্গিক যন্ত্রপাতি ক্রয় প্রকল্প এবং নির্বাহী প্রকৌশলী, মেরামত ও উৎপাদন বিভাগ-২ (স্টোর), নারায়নগঞ্জ কার্যালয়ের ২০১৭-২০১৮ হতে ২০১৯-২০২০ অর্থ বছরের হিসাব নিরীক্ষাকালে দেখা যায় যে, ক্রয়কৃত যন্ত্রপাতি গুণগতমাণ নিরূপণপূর্বক গ্রহণ না করার ফলে ৬৬৩,০৯,৫৭,০০০ টাকা মূল্যের সরকারি সম্পদ ক্ষতির সম্মুখীন।

বিগত ২৪-০৯-২০২০ খ্রি. হতে ৩০-১০-২০২০ খ্রি. তারিখ পর্যন্ত সময়ে প্রকল্প পরিচালক, বাংলাদেশের নদী ড্রেজিং এর জন্য ড্রেজার এবং আনুষঙ্গিক যন্ত্রপাতি ক্রয় প্রকল্প এর হিসাব নিরীক্ষাকালে ২০১৯-২০২০ অর্থ বছর পর্যন্ত ক্রয়কৃত ড্রেজার এবং আনুষঙ্গিক যন্ত্রপাতি ক্রয় বিবরণ হতে দেখা যায় যে, ৬টি প্যাকেজে ক্রয়কৃত ৭টি ২৬" ড্রেজার, ২টি ২০" ড্রেজার, ৩টি ১০০০ হর্স পাওয়ার টাগবোট ও ৫টি এম্ফিবিয়াস এক্সাভেটর ১৮-০২-২০১৪ খ্রি. হতে ২৩-০৪-২০১৮ খ্রি. তারিখ পর্যন্ত সময়ে প্রকল্প পরিচালক/সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক গ্রহণ দেখানো হয়।

২০-১০-২০২০ খ্রি. পর্যন্ত প্রধান প্রকৌশলী (ইস্ট জোন) এর অধীন সংশ্লিষ্ট প্রকৌশলী, মেরামত ও উৎপাদন (স্টোর) এর দপ্তরে নিরীক্ষাকালে উক্ত ড্রেজার এবং আনুষঙ্গিক যন্ত্রপাতির গুণগত মাণ নিরূপণ, গ্রহণ বা Receive and Inspection (R&I) করার কোন প্রমাণক পাওয়া যায়নি। Particular Conditions of Contract (পিসিসি) এর ক্লজ নং ২৬.১ মোতাবেক Final Acceptance Certificate প্রদানের পর চূড়ান্তভাবে ঠিকাদারের পাওনা পরিশোধ করা হবে। এক্ষেত্রে Package no- POD-2/lot-2, POD-3 & POD-7 এর চুক্তিকৃত সম্পূর্ণ অর্থ এবং POD-1/Lo:-1, POD-1/Lot:-2 & POD-1/Lot-3 এর চুক্তি মূল্যের অধিকাংশ অর্থ প্রকল্প পরিচালকের দপ্তরের মাধ্যমে সরবরাহকারীকে পরিশোধ করা হয়েছে।

জিএফআর প্যারা নং- ১৫৫ অনুযায়ী প্রাপ্ত সকল দ্রব্য সামগ্রীর সরবরাহ গ্রহণের সময় পরীক্ষা-নিরীক্ষা, গণনা, পরিমাপ বা ওজন (যেক্ষেত্রে যাহা প্রযোজ্য) করতে হবে এবং দায়িত্বশীল সরকারি অফিসারের কাছে ন্যস্ত করতে হবে, যিনি সঠিক পরিমাপ এবং ভাল গুণগত মাণ দেখে এ সম্পর্কে একটি প্রত্যয়ন লিপিবদ্ধ করবেন। ভান্ডার গ্রহণকারী অফিসারকে এই মর্মে সার্টিফিকেট প্রদান করতে হবে যে, তিনি ভান্ডার সামগ্রী বাস্তবে গ্রহণ করেছেন এবং সেগুলি যথাযথভাবে স্টক রেজিস্টারে লিপিবদ্ধ করেছেন। কিন্তু এতদ্‌সংক্রান্ত কোন প্রত্যয়ন পাওয়া যায়নি বা স্টক রেজিস্টারে লিপিবদ্ধ করা হয়নি (পরিশিষ্ট-০১)।

অনিয়মের কারণ : জিএফআর রুল- ১৫৫ ও পিসিসি ক্লজ নং ২৬.১ এর লঙ্ঘন ।

নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব : নির্বাহী প্রকৌশলী, মেরামত ও উৎপাদন বিভাগ-২ (স্টোর), নারায়নগঞ্জ : গত ২৪-০৯-২০২০ খ্রি. তারিখ পর্যন্ত প্রকল্প পরিচালক, বাংলাদেশের নদী খননের জন্য ড্রেজার/সরঞ্জাম ক্রয় প্রকল্পের আওতায় ০৬ টি প্যাকেজে ক্রয়কৃত ০৭ টি ২৬´´ ড্রেজার, ০২ টি ২০´´ ড্রেজার, ০৩ টি ১০০০ হর্স পাওয়ার টাগবোট ও ০৫ টি এম্ফিবিয়াস এক্সাভেটর অত্র দপ্তরে বুঝিয়ে দেয়া হয়নি বিধায় আরএন্ডআই করা হয়নি এবং ইনভেন্টরী তালিকায় অন্তর্ভুক্ত করা হয়নি। **প্রকল্প পরিচালক :** অত্র প্রকল্পের আওতায় সংগৃহীত এবং Acceptance Committee কর্তৃক গ্রহণের জন্য সুপারিশকৃত ড্রেজার ও আনুষঙ্গিক জলযান/যন্ত্রপাতিসমূহ স্টোর বিভাগ (মেরামত ও উৎপাদন বিভাগ-২), বাপাউবো কর্তৃক গ্রহণ ও আরএন্ডআই করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

নিরীক্ষা মন্তব্য : ইনভয়েস এর মাধ্যমে মালামাল সরবরাহের পর বিল পরিশোধ করা হয়েছে। কিন্তু R & I না করে এবং PCC Clause নং- ২৬.১ মোতাবেক Final acceptance Certificate প্রদান ব্যতীত বিল পরিশোধ করা হয়েছে। ২০১৪ হতে ২০১৮ সাল পর্যন্ত ড্রেজার এবং আনুষঙ্গিক যন্ত্রপাতি প্রাপ্তি দেখানো হয়েছে অথচ অডিটকালীন পর্যন্ত প্রকল্পের মাধ্যমে ক্রয়কৃত মালামালের গুণগত মাণ নিরূপণপূর্বক Receive and Inspection (R&I) হয়নি বা গ্রহণ করা হয়নি। উক্ত মালামালের সম্পূর্ণ/অধিকাংশ মূল্য পরিশোধ করা হয়েছে।

নিরীক্ষার সুপারিশ : সরবরাহকারীকে মূল্য পরিশোধের পরও দীর্ঘদিন যাবত গুণগত মাণ নিরূপণ ও মালামাল গ্রহণ না করার জন্য ক্ষয়-ক্ষতি নিরূপণসহ দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক যথাযথ ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-০২

শিরোনাম : ভাড়ায় প্রদানকৃত ড্রেজারসমূহ ফেরত না আনা এবং বকেয়া ড্রেজার ভাড়া ও নিরাপত্তা জামানত বাবদ অর্থ আদায় না করায় সরকারের ১,৫৮,৮৬,৮৪৯ (এক কোটি আটান্ন লক্ষ ছিয়াশি হাজার আটশত উনপঞ্চাশ) টাকা আর্থিক ক্ষতি।

বিবরণ : বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিয়ন্ত্রণাধীন নির্বাহী প্রকৌশলী, নারায়নগঞ্জ ড্রেজার বিভাগের ২০১৭-১৮ হতে ২০১৯-২০২০ অর্থ বছরের হিসাব নিরীক্ষাকালে দেখা যায় যে, ভাড়ায় প্রদানকৃত ড্রেজারসমূহ ফেরত না আনা এবং বকেয়া ড্রেজার ভাড়া ও নিরাপত্তা জামানত বাবদ অর্থ আদায় না করায় সরকারের ১,৫৮,৮৬,৮৪৯ টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

বিস্তারিত নিরীক্ষাকালে দেখা যায় যে, বিভিন্ন বেসরকারী প্রতিষ্ঠানের নিকট ড্রেজারসমূহ চুক্তির মাধ্যমে ভাড়া হিসেবে প্রদান করা হয়। চুক্তিতে ভাড়ার হার, ভ্যাট/ট্যাক্স ও নিরাপত্তা জামানত অন্তর্ভুক্ত ছিল। পরিশিষ্টে বর্ণিত ৪টি প্রতিষ্ঠানের মধ্যে ৩টি প্রতিষ্ঠানের সাথে ৩টি ড্রেজার ভাড়া চুক্তির মেয়াদ অতিক্রান্ত হয়েছে এবং ১টি প্রতিষ্ঠানের সাথে ২টি ড্রেজার ভাড়া চুক্তির মেয়াদ চলমান আছে। মেসার্স তিতাস ড্রেজিং কোঃ এর নিকট এসডি তিতাস-১৮˝, মেসার্স পুলক এন্টারপ্রাইজের নিকট এসডি চন্দনা-১২ ও মেসার্স রঞ্জি কনস্ট্রাকশন এর নিকট এসডি কর্ণফুলি- ১২˝ড্রেজার ১২ মাসের জন্য ভাড়া চুক্তি করা হয়। উক্ত প্রতিষ্ঠানসমূহ বকেয়া ভাড়া ও জামানত বাবদ পরিশিষ্টে বর্ণিত টাকা পরিশোধ করেনি এবং ড্রেজারও ফেরত প্রদান করেনি। বারাকা ইঞ্জিনিয়ার্স লি: এর নিকট এসডি কুমার-১৮˝ ও এসডি ধলেশ্বরী -১৮˝ ড্রেজার ভাড়া প্রদান করা হয় । মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক ভাড়া গ্রহণকারীকে একাধিকবার পত্র প্রেরণ করা হয়েছে। উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক বকেয়া ভাড়া আদায়সহ ড্রেজারদ্বয় ফেরত প্রদানের বিষয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ভাড়া গ্রহণকারী ড্রেজার ফেরত প্রদানে সম্মত হয়নি।

চুক্তির ৮ নং শর্ত মোতাবেক চুক্তিপত্রের মেয়াদান্তে ড্রেজার ভাড়া গ্রহীতা নারায়নগঞ্জ ড্রেজার বেইজে ফেরত প্রদানের ব্যবস্থা করবেন। তবে ভাড়া গ্রহণকারী কর্তৃক যথাসময়ে ড্রেজার ফেরত প্রদান না করলে ড্রেজার বিভাগ নিজস্ব ব্যবস্থাপনায় নারায়নগঞ্জ ড্রেজার বেইজে ফেরত আনবেন এবং সেই ক্ষেত্রে ভাড়া গ্রহণকারী কর্তৃক ড্রেজার ডি-মবিলাইজেশন বাবদ প্রকৃত খরচ জামানতের টাকা হতে সমন্বয় করবেন। অডিটকালীন পর্যন্ত বকেয়া ভাড়া আদায় করা হয়নি, ড্রেজারসমূহ ফেরত আনা হয়নি এবং বেসরকারি প্রতিষ্ঠানের নিকট ভাড়া প্রদানের বা ভাড়া নির্ধারণের কোন নীতিমালা পাওয়া যায়নি (পরিশিষ্ট-২)।

অনিয়মের কারণ : চুক্তির ৮ নং শর্ত লঙ্ঘন।

নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব : ভাড়া গ্রহণকারী মেসার্স রঞ্জি কনস্ট্রাকশন এর অনুকূলে এস. ডি কর্ণফূলি-১২˝, মেসার্স পুলক এন্টারপ্রাইজ এর অনুকূলে এস. ডি চন্দনা-১২˝,মেসার্স তিতাস ড্রেজিং কোং এর অনুকূলে এস.ডি তিতাস-১৮˝ ও বারাকা ইঞ্জিনিয়ার্স লি: এর অনুকূলে এস. ডি কুমার-১৮˝এবং ধলেশ্বরী-১৮˝ড্রেজার ভাড়া (ভ্যাট ও আয়করসহ) বাবদ প্রাপ্য বকেয়া আদায়ের লক্ষ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বরাবর পত্রযোগে একাধিকবার অনুরোধ করা হয়েছে। যার প্রেক্ষিতে ভাড়ায় গ্রহণকারী প্রতিষ্ঠান কর্তৃক ভাড়া জমা প্রদান করা হবে বলে অত্র দপ্তরকে আশ্বস্ত করেছেন এবং ভাড়া আদায়ের চেষ্টা অব্যাহত রয়েছে।

নিরীক্ষা মন্তব্য : ড্রেজারসমূহ ফেরত আনা হয়নি। ড্রেজারের মূল্য বিবেচনায় পর্যাপ্ত জামানত গ্রহণ না করায় সরকারের অর্থ/সম্পদের ক্ষতি সাধিত হয়েছে।

নিরীক্ষার সুপারিশ : অবিলম্বে ভাড়ার বকেয়া অর্থ আদায়সহ ড্রেজারসমূহ ফেরত আনা আবশ্যক।

অনুচ্ছেদ নং-০৩

শিরোনাম : ড্রেজার ভাড়ার অর্থ আদায় না করায় সরকারের আর্থিক ক্ষতি ২২,০৮,৫৮৫ (বাইশ লক্ষ আট হাজার পাঁচশত পঁচাশি) টাকা ।

বিবরণ : বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিয়ন্ত্রণাধীন নির্বাহী প্রকৌশলী, নারায়নগঞ্জ ড্রেজার অপারেশন বিভাগ কার্যালয়ের ২০১৭-১৮ হতে ২০১৯-২০২০ অর্থ বছরের হিসাব নিরীক্ষাকালে দেখা যায় ড্রেজার ভাড়া বাবদ **২২,০৮,৫৮৫** টাকা আদায় না হওয়ায় সরকারের আর্থিক ক্ষতি হয়েছে।

বিস্তারিত নিরীক্ষায় দেখা যায় নির্বাহী প্রকৌশলী, নারায়নগঞ্জ ড্রেজার বিভাগ এর সাথে ১৪-০৮-২০১৬ খ্রি. তারিখে মোঃ ইউনুস আল মামুন এর এক বছরের জন্য এস ডি আত্রাই-১২˝ ড্রেজার ভাড়া গ্রহণের চুক্তি হয় ও ১৬-০৮-১৬ খ্রি.তারিখে ড্রেজার হস্তান্তরিত হয়। চুক্তি অনুযায়ী ভাড়ার মেয়াদ ১৫-০৮-২০১৭ খ্রি. তারিখে শেষ হওয়ার কথা। ঠিকাদার ০২-০৭-২০১৭ খ্রি. তারিখে পত্রের মাধ্যমে কর্তৃপক্ষকে অবহিত করেন যে, ২৮-০৬-২০১৭খ্রি. ড্রেজারটি নদীতে ডুবে গিয়েছে। চুক্তির শর্ত নং - ২(খ) মোতাবেক এক বছরের জন্য ড্রেজার ভাড়া চুক্তিমূল্য ২৯,৯৮,০৮০ টাকা, ভ্যাট ও আয়কর বাবদ ৩,১৪,৭৯৮ টাকা মোট ৩৩,১২,৮৭৮ টাকা এবং জামানত বাবদ ১,০০,০০০ টাকা আদায়যোগ্য।

চুক্তির তারিখ ১৪-০৮-২০১৬ খ্রি. হতে ডুবে যাওয়ার তারিখঃ ২৮-০৬-২০১৭খ্রি. পর্যন্ত হিসাব করলে ভাড়া গ্রহণকারীর নিকট ভ্যাট ও আয়করসহ ১১ মাসের ভাড়া আদায়যোগ্য ৩০,৩৬,৮০৫ (৩৩,১২,৮৭৯/১২x১১) টাকা ও জামানত বাবদ ১,০০,০০০ টাকা, মোট ৩১,৩৬,৮০৫ টাকা আদায়যোগ্য। তন্মধ্যে অগ্রিম হিসেবে ৯,২৮,২২০ টাকা আদায় হয়েছে। ফলে ৩১,৩৬,৮০৫–৯,২৮,২২০ = ২২,০৮,৫৮৫ টাকা আদায়যোগ্য, যা আদায় করা হয়নি (পরিশিষ্ট-৩)।

অনিয়মের কারণ : চুক্তির শর্ত নং - ২(খ) এর লঙ্ঘন।

নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব : ভাড়া গ্রহীতার নিকট হতে বকেয়া ভাড়া আদায়ের বিষয়ে জবাব প্রদান করা হয়নি।

নিরীক্ষা মন্তব্য : অবিলম্বে বকেয়া ভাড়া আদায় করা প্রয়োজন।

নিরীক্ষার সুপারিশ : ড্রেজার ভাড়া বাবদ বকেয়া অর্থ আদায়পূর্বক বোর্ডের হিসাবে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-০৪

শিরোনাম : অননুমোদিতভাবে ও অজ্ঞাত কারণে ড্রেজার হস্তান্তরের ফলে সরকারি সম্পদের ক্ষতি।

বিবরণ : বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিয়ন্ত্রণাধীন নির্বাহী প্রকৌশলী, নারায়নগঞ্জ ড্রেজার বিভাগ কার্যালয়ের ২০১৭-১৮ হতে ২০১৯-২০২০ অর্থ বছরের হিসাব নিরীক্ষাকালে দেখা যায় যে, অননুমোদিতভাবে ড্রেজার হস্তান্তর করার ফলে সরকারি সম্পদের ক্ষতি সাধিত হয়েছে।

বিস্তারিত নিরীক্ষাকালে ২৩-১২-২০১৪ খ্রি.তারিখের ক্রমিক নং- ৬ গেইট পাশ হতে দেখা যায় যে, মোঃ শামীম হোসেন ও মোঃ ইউনুস নামক দুইজন ব্যক্তির নিকট একটি ৬´´ মিনি ড্রেজার (IHC BEVER Holland, Size-L = 33″- 6″ with ladder, W = 8´ - 11´´, D = 3´ – 3´´) শেরপুর জেলার নকলা উপজেলাধীন পেকুয়া বিল খনন কাজের নামে হস্তান্তর করা হয়।

নিরীক্ষাকালে ড্রেজার ব্যবহারকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা, ভাড়া গ্রহণের জন্য আবেদন, ড্রেজিং ডিজাইন ও মাটির পরিমাপ নির্ধারণের প্রাক্কলন, ড্রেজিং ব্যয়ের জন্য তহবিল, ড্রেজার হস্তান্তরের পর থেকে নিরীক্ষা বছর পর্যন্ত প্রকৃত ব্যয়, ভাড়া প্রদানের জন্য নীতিমালা, বাপাউবো এর অনুমোদন, চুক্তিনামা, উত্তোলনকৃত মাটির পরিমাণ, প্রাপ্ত ভাড়ার পরিমাণ সংক্রান্ত কোন কাগজপত্র পাওয়া যায়নি। ড্রেজার গ্রহণকারীর সাথে কোন চুক্তিপত্র করা হয়নি এবং ভাড়া বাবদ কোন অর্থ বা জামানত গ্রহণ করা হয়নি। ড্রেজার/সরঞ্জামের মূল্য সংক্রান্ত প্রমাণক নিরীক্ষাকালে পাওয়া যায়নি।

অনিয়মের কারণ : সরকারি সম্পদ ব্যবস্থাপনার দুর্বলতা।

নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব : ২০১৪ সালে শেরপুর জেলার নকলা উপজেলাধীন পেকুয়া বিল খনন কাজে মিনি ড্রেজার-৬´ নিয়োজিত করার বিষয়ে তৎকালীন মাননীয় সংসদ সদস্য মহোদয়ের নিদের্শনার প্রেক্ষিতে তৎকালীন প্রধান প্রকৌশলী, বাপাউবো, নারায়নগঞ্জ মহোদয় এর মৌখিক নির্দেশে গেট পাশ এর মাধ্যমে অত্র বিভাগের ২ জন জলযান কর্মচারীসহ জনস্বার্থে নিয়োজিত করা হয়। পরবর্তীতে একাধিকবার ড্রেজারটি নারায়নগঞ্জ ড্রেজার বিভাগে ফেরত আনার উদ্যোগ গ্রহণ করা হয় এবং সর্বশেষ ২০-০৯-২০২০ খ্রি.তারিখে প্রধান প্রকৌশলী, বাপাউবো, নারায়নগঞ্জ ও তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ড্রেজার অপারেশন সার্কেল, বাপাউবো, নারায়নগঞ্জ কর্তৃক ড্রেজারটি ফেরত আনার জন্য ড্রেজারটি সরেজমিনে পরিদর্শন করা হয় এবং মাননীয় সংসদ সদস্যের প্রতিনিধিগণের সাথে ফেরত আনার বিষয়ে অনুরোধ জানানো হয়। কিন্তু উক্ত এলাকার মাননীয় সংসদ সদস্য ও মাননীয় উপ-মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয় মহোদয়ের সাথে আলোচনাক্রমে ড্রেজারটি নকলাস্থ শেরপুর জনস্বার্থে ড্রেজিং কাজে নিয়োজিত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

নিরীক্ষা মন্তব্য : জবাবের সমর্থনে কোন প্রমাণক প্রদান করা হয়নি। যৌক্তিক কারণ ও কাগজপত্র সংরক্ষণ ব্যতীত এবং অননুমোদিতভাবে ড্রেজার হস্তান্তর করা হয়েছে।

নিরীক্ষার সুপারিশ : দায়-দায়িত্ব নির্ধারণ ও ড্রেজারটি ফেরত আনার পদক্ষেপ গ্রহণ করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-০৫

শিরোনাম : চুক্তি অনুযায়ী মাটি খনন কাজ বাস্তবায়ন না হওয়ায় সরকারের ১২৪,৬০,১৬,২৮২ (একশত চব্বিশ কোটি ষাট লক্ষ ষোল হাজার দুইশত বিরাশি) টাকা আর্থিক ক্ষতি।

বিবরণ : বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিয়ন্ত্রণাধীন নির্বাহী প্রকৌশলী, ড্রেজার অপারেশন বিভাগ, নারায়নগঞ্জ কার্যালয়ের ২০১৭-১৮ হতে ২০১৯-২০২০ অর্থ বছরের হিসাব নিরীক্ষাকালে দেখা যায় যে, চুক্তি অনুযায়ী মাটি খনন কাজ বাস্তবায়ন না হওয়ায় সরকারের **১২৪,৬০,১৬,২৮২** টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

প্রকল্পসমূহের অর্থ আদায় বিবরণী ও মাটি উত্তোলনের বিবরণী, মাটি খননের জন্য বিভিন্ন প্রকল্পের কর্মকর্তাদের সাথে নির্বাহী প্রকৌশলী, ড্রেজার অপারেশন বিভাগ এর চুক্তি ও নথিপত্র পর্যালোচনায় দেখা যায় যে, নির্দিষ্ট সময়ে নিদিষ্ট পরিমাণ মাটি উত্তোলনের জন্য চুক্তি সম্পাদন করা হয়। কিন্তু নির্দিষ্ট সময়ে এমন কি জুন/২০২০ সময়ের মধ্যেও মাটি উত্তোলনের পরিমাণ চুক্তির পরিমাণ অপেক্ষা অনেক কম ছিল। ফলে মাটি উত্তোলন কম হওয়ায় সরকারের আর্থিক ক্ষতি হয়েছে। মাটি উত্তোলনের জন্য সম্পাদিত ৬টি চুক্তির তফসিল পর্যালোচনায় দেখা যায় যে, সেপ্টেম্বর/২০১৬ হতে ডিসেম্বর/২০১৯ মাস পর্যন্ত বিভিন্ন সময়ে ১১৬২০৬২২ ঘ. মিটার মাটি উত্তোলনের জন্য বিভিন্ন প্রকল্প কর্তৃপক্ষের সাথে নারায়নগঞ্জ ড্রেজার অপারেশন বিভাগের চুক্তি করা হয়। জুন ২০২০ পর্যন্ত সময়ে মাত্র ১৫৬১০৬৬ ঘ. মি. মাটি উত্তোলন করা হয়। নির্ধারিত সময়ের অনেক পরেও ১০০৫৯৫৫৬ ঘ. মিটার (১১৬২০৬২২ - ১৫৬১০৬৬) মাটি কম উত্তোলন করা করা হয়েছে।

উল্লেখ্য যে, দৈনন্দিন মাটি উত্তোলনের সমর্থনে কোন রেজিস্টার বা হিসাব সংরক্ষণ করা হয়নি। ফলে স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত বিবরণীতে উল্লিখিত মাটির পরিমাণ যাচাই করা সম্ভব হয়নি। চুক্তি অপেক্ষা কম পরিমাণ মাটি উত্তোলনের ফলে ১২৪,৬০,১৬,২৮২ টাকা ক্ষতি হয়েছে। উল্লেখ্য যে, চুক্তিকৃত সময়ের মধ্যে কাজ শেষ হলে উক্ত ক্ষতি হতো না এবং ড্রেজারসমূহ অন্য কোন চুক্তির মাধ্যমে ব্যবহার করে অর্থ আয় করা যেত [পরিশিষ্ট-০৪ (১-২)]।

অনিয়মের কারণ : চুক্তির তফসিলে বর্ণিত পরিমাণ অনুযায়ী মাটি উত্তোলনের ব্যর্থতা।

নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব : সেপ্টেম্বর/২০১৬ হতে ডিসেম্বর/২০১৯ পর্যন্ত সমঝোতা স্মারক মোতাবেক মোট খননযোগ্য মাটি ১১৬২০৬২২ ঘ.মি. হলেও ড্রেজিং ও দাপ্তরিক বিভিন্ন জটিলতার মধ্যে ড্রেজিং কাজ বাস্তবায়ন করা হয়।

১। টাঙ্গাইলস্থ সিল্ট বেসিন ড্রেজিং কাজে ৪৩৪০০০০ ঘ.মি. মাটি খনন করার জন্য সমঝোতা স্মারক স্বাক্ষরিত হলেও পরবর্তীতে টাস্কফোর্স কর্তৃক গৃহীত প্রি-ওয়ার্ক সার্ভে অনুযায়ী খননযোগ্য মাটির পরিমাণ ৩৪৮৪০৬০ ঘ.মি. নির্ধারিত হয়। কিন্তু ভূমি অধিগ্রহণ সংক্রান্ত জটিলতার কারণে সেপ্টেম্বর/২০১৭ হতে ফেব্রুয়ারি/২০২০ পর্যন্ত ড্রেজিং কাজ বন্ধ থাকে।

২। ভৈরব ব্রীজ হতে কুলিয়ার চর পর্যন্ত মেঘনা নদী খনন কাজে প্রয়োজনীয় বরাদ্দ ও ড্রেজিং কাজের বাস্তব প্রয়োজনীয়তা না থাকায় জুন/২০১৮ হতে সাময়িক বন্ধ রাখা হয় এবং পরবর্তীতে নিয়োজিত ড্রেজার/সহযোগী জলযানসমূহ অন্যত্র প্রত্যাহার করা হয়।

৩। বুড়িগঙ্গা নদী পুনরুদ্ধার প্রকল্পের আওতায় তুরাগ নদী খননে অর্থ প্রাপ্তি ও স্থানীয় সমস্যার কারণে ড্রেজিং কাজ বাধাগ্রস্ত হয় তথাপি ড্রেজিং কাজে নিয়োজিত ড্রেজারসমূহ দ্বারা ড্রেজিং কাজ বাস্তবায়ন অব্যাহত রয়েছে।

নিরীক্ষা মন্তব্য : বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের অধীনস্থ বিভাগসমূহের চাহিদা, কার্যপূর্ব জরিপ ও কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ড্রেজার বিভাগের সাথে চুক্তি সম্পাদনের মাধ্যমে কাজ বাস্তবায়ন করা হয়। কাজের ধীরগতি বা বাস্তবায়ন না হওয়ার কোন যৌক্তিক কারণ ব্যাখ্যা করা হয়নি এবং জবাবের সমর্থনে কোন প্রমাণক প্রদান করা হয়নি। চুক্তির নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পরও প্রকৃত বাস্তবায়ন ১৩.৪৩% যা মোটেও সন্তোষজনক নয়।

নিরীক্ষার সুপারিশ : মাটি খনন কাজ বাস্তবায়নের ব্যর্থতার জন্য দায়-দায়িত্ব নির্ধারণসহ ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-০৬

শিরোনাম : সরবরাহ কাজ সমাপ্তির পূর্বেই ব্যাংক গ্যারান্টির মেয়াদ অতিক্রান্ত হওয়ার কার্য সম্পাদন জামানত হিসেবে জমাকৃত ৫০,৪৪,২৩,৩৩৪ (পঞ্চাশ কোটি চুয়াল্লিশ লক্ষ তেইশ হাজার তিনশত চৌত্রিশ) টাকা আর্থিক ক্ষতি।

বিবরণ : বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আওতাধীন প্রকল্প পরিচালক, বাংলাদেশের নদী খননের জন্য ড্রেজার ও আনুষঙ্গিক যন্ত্রপাতি সরঞ্জাম ক্রয় প্রকল্পের ২০১৭-২০১৮ হতে ২০১৯-২০২০ অর্থ বছরের হিসাব নিরীক্ষাকালে দেখা যায় যে, সরবরাহ কাজ সমাপ্তির পূর্বেই ব্যাংক গ্যারান্টির মেয়াদ অতিক্রান্ত হওয়ায় কার্য সম্পাদন জামাণত হিসেবে জমাকৃত ৫০,৪৪,২৩,৩৩৪ টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

বিস্তারিত পরীক্ষাকালে দেখা যায় যে, পিওডি-১, লট-১, লট-৩ ও পিওডি-৩ এর সরবরাহ চুক্তির কার্যসম্পাদন জামানত হিসেবে ব্যাংক গ্যারান্টি জমা করা হয়। কিন্তু চুক্তি অনুযায়ী সম্পূর্ণ মালামাল সরবরাহ করা হয়নি।

পিপিআর-২০০৮ এর রুল ২৭(৫) অনুযায়ী রক্ষণযোগ্য অর্থ জমা রাখার শর্ত না থাকলে প্রত্যাশিত কার্য সমাপ্তির তারিখের পর ২৮ দিন পর্যন্ত কার্যসম্পাদন জামাণত বৈধ থাকতে হবে এবং রুল-২৭(৬) অনুযায়ী যদি কার্য সমাপ্তির তারিখ বৃদ্ধি করা হয় তাহলে প্রত্যাশিত কার্য সমাপ্তির নতুন তারিখের পরবর্তী ২৮ দিনের জন্য কার্য সম্পাদন জামানতের বৈধতা বৃদ্ধি করতে হবে। সিপিটিইউ'র পত্র নং- ২১.০০.০০০০.৩৬৩.২৭.২৫৫.২০-৩৪০ তারিখ : ২১-০৬-২০২০ খ্রিঃ হতে ব্যাখ্যা প্রদান করা হয়েছে যে, সরবরাহকারীর উপর লিকুইডেটেড ড্যামেজেস আরোপিত হলে প্রাথমিকভাবে ক্রয়কারী সরবরাহকারীকে প্রদেয় বিল হতে কর্তন করবে। এরূপভাবে কর্তিত অর্থের পরিমাণ যথেষ্ঠ না হলে কার্য সম্পাদন জামানত থেকে তা সমন্বয়যোগ্য হবে। উক্ত পারফরমেন্স সিকিউরিটি হিসেবে ব্যাংক গ্যারান্টির মেয়াদ সমাপ্ত হওয়ায় এবং নগদায়ন না করায় সরবরাহকারীর নিকট থেকে ক্ষতির অর্থ আদায় অনিশ্চিত (পরিশিষ্ট-০৫)।

অনিয়মের কারণ : রুল ২৭(৫) ও (৬) পিপিআর-২০০৮ এর লজ্ঘন।

নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব : পিওডি-১, লট-১ প্যাকেজের আওতায় ৩ সেট ড্রেজার সরবরাহ করা হয়েছে। পিওডি-৩ প্যাকেজের আওতায় ৩ সেট টাগ বোট সরবরাহ করা হয়েছে। উভয় প্যাকেজের আওতায় স্পেয়ার পার্টসসমূহ সরবরাহ করা হয়েছে কিন্তু ইন্সপেকশন জনিত জটিলতার কারণে Acceptance বাকি রয়েছে। সেজন্য তাদের বকেয়া বিল প্রদান করা হয়নি।

পিওডি-১, লট-১ প্যাকেজের আওতায় পারফরমেন্স গ্যারান্টির মেয়াদ বৃদ্ধির জন্য পত্র দেয়া হলেও ব্যাংক/সরবরাহকারী কর্তৃক পিজি এর মেয়াদ বৃদ্ধি করা হয়নি। ফলে Bank gurantee for performance security (PG) Encashment এর জন্য ব্যাংক এ চিঠি দেয়া হয়েছে। অধিকন্তু সরবরাহকারী পিজি এর মেয়াদ না থাকার কারণে পিজি এর সমমূল্যের অধিক বকেয়া বিল প্রদান করা হয়নি।

নিরীক্ষা মন্তব্য : ব্যাংক গ্যারান্টির মেয়াদ অতিক্রান্ত হওয়ার পূর্বে নগদায়ন না করায় সরকারি অর্থের ক্ষতি সাধিত হয়েছে।

নিরীক্ষার সুপারিশ : আপত্তিতে জড়িত অর্থ আদায় বা পারফরমেন্স সিকিউরিটির অর্থ নগদায়ন না করায় দায়ী ব্যক্তি/ব্যক্তিবর্গের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-০৭

শিরোনাম : সিডি ভ্যাট খাতের অব্যয়িত অর্থ সরকারি খাতে জমা না করায় আর্থিক ক্ষতি ৬,০০,০০,০০০ (ছয় কোটি) টাকা ।

বিবরণ : বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আওতাধীন প্রকল্প পরিচালক, বাংলাদেশের নদী খননের জন্য ড্রেজার ও আনুষঙ্গিক যন্ত্রপাতি সরঞ্জাম ক্রয় প্রকল্পের ২০১৭-২০১৮ হতে ২০১৯-২০২০ অর্থ বছরের হিসাব নিরীক্ষাকালে দেখা যায় যে, সিডি ভ্যাট খাতের অব্যয়িত ৬,০০,০০,০০০ টাকা সরকারি খাতে জমা না হওয়ায় আর্থিক ক্ষতি হয়েছে।

বিস্তারিত পরীক্ষাকালে দেখা যায় যে, পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং ৪২,০৪০,০১৪,০২.০০.০০৩.২০১০-১৫ তারিখ: ২৪-০৩-২০১৪ মোতাবেক সিডি ভ্যাট খাতে ৬,০০,০০,০০০ টাকা বরাদ্দ করার পর অর্থ পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের পত্র নং-পাউবো (অর্থ) উবাএ/৬২৮ তারিখ : ২৫-০৬-২০১৪ খ্রি. মোতাবেক চেক নং ক-৩৫৭৬৭১৯ তারিখ: ১১-০৬-২০১৪ খ্রি. এর মাধ্যমে কমিশনার অব কাস্টমস, চট্টগ্রাম কাস্টমস হাউজ, চট্টগ্রাম এর হিসাব চলতি নং- ২০৫ তে জমার জন্য প্রেরণ করা হয়। জুন ২০২০ মাসের IMED Report হতে দেখা যায় যে, উক্ত অর্থ অব্যয়িত অবস্থায় রয়েছে। নিরীক্ষাকালীন পর্যন্ত উক্ত হিসাব চলতি নং-২০৫ হতে সিডি ভ্যাট বাবদ কোন অর্থ ব্যয় হয়নি। প্রকল্পের মেয়াদ ৩১-১২-২০২০ তারিখে সমাপ্ত হয়েছে। কিন্তু উক্ত অর্থ হিসাব চলতি হতে সরকারি খাতে জমা প্রদানের কোন উদ্যোগ গ্রহণ করা হয়নি।

অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের স্মারক নং- ০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫১৮ তারিখ : ২০-০৬-২০১৮ খ্রি. এর মাধ্যমে জারিকৃত উন্নয়ন প্রকল্পসমূহের অর্থ অবমুক্ত ও ব্যবহার নির্দেশিকা ২০১৮ তে নির্দেশনা রয়েছে যে, প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ সিডি ভ্যাট অবমুক্তির পরিমাণ, পরিশোধ এবং হিসাব চলতি'র জের হিসাব ইত্যাদির বাৎসরিক বিবরণী অর্থ বিভাগ, সিএও অফিস এবং জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করতে হবে। সংশ্লিষ্ট কাস্টমস কর্তৃপক্ষ তাদের আওতায় পরিচালিত হিসাব চলতিতে ৩০ জুনের ব্যালেন্স সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ, অর্থ বিভাগ এবং সিএও অফিসে জুলাই মাসে প্রেরণ করবে। প্রকল্প পরিচালক যতক্ষণ পর্যন্ত সিডি ভ্যাট পরিশোধ করার জন্য অর্থের প্রয়োজন আছে বলে নিশ্চিত না হবে ততক্ষণ পর্যন্ত এ বাবদ অর্থ ব্যয় করবে না। মোট ব্যয়/ছাড়কৃত অর্থ সংশ্লিষ্ট অর্থ বছরের মধ্যেই ব্যয় নিশ্চিত করতে হবে। প্রকল্পের শেষ বর্ষে অথবা তার পূর্বে প্রকল্প দলিল অনুযায়ী সমুদয় মালামাল যন্ত্রপাতি ইত্যাদি আমদানী হয়ে থাকলে সমুদয় সিডি ভ্যাট পরিশোধের পর হিসাব চলতিতে জমা থাকা অব্যয়িত অর্থ অর্থবছর শেষ হলে সরকারি কোষাগারে জমা দিতে হবে। যদি বছর শেষ হওয়ার পূর্বেই অব্যয়িত অর্থ জমা প্রদান করার সুযোগ থাকে সেক্ষেত্রে প্রকল্পের যে অর্থনৈতিক কোড হতে অর্থ উত্তোলিত হয়েছে সেই অর্থনৈতিক কোডে জমা প্রদান করতে হবে। কিন্তু প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক উক্ত নির্দেশনা অনুসরণ করা হয়নি।

অনিয়মের কারণ : অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের স্মারক নং- ০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫১৮ তারিখ : ২০-০৬-২০১৮ খ্রি. এর নির্দেশনা লঙ্ঘন করা হয়েছে।

নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব : প্রকল্পের আওতায় ড্রেজার ও আনুষঙ্গিক যন্ত্রপাতি কেনার জন্য ২০১৬ হতে এ যাবত একাধিকবার আন্তর্জাতিক দরপত্র আহবান (৩ বার) করা হয়, ১ বার ডিপিএম পদ্ধতিতে খুলনা শীপইয়ার্ড এর নিকট থেকে দরপত্র আহবান, ১ বার ডিপিএম পদ্ধতিতে বাংলাদেশ নৌবাহিনী দ্বারা পরিচালিত Dockyard Engineering Works Ltd. এর নিকট দরপত্র আহবান এবং ১ বার Delegated Procurment প্রক্রিয়ায় বাংলাদেশ সেনাবাহিনীর মাধ্যমে ড্রেজার ও আনুষঙ্গিক যন্ত্রপাতি সংগ্রহের চেষ্টা করা হয়। এ সকল দরপত্রের আওতায় বিদেশ হতে ড্রেজার ও আনুষঙ্গিক যন্ত্রপাতি সংগ্রহ হলে সিডি ভ্যাট এর উক্ত টাকা ব্যয় করার সুযোগ ছিল। ফলে উক্ত অর্থ অব্যয়িত হিসেবে রাখা হয়।

নিরীক্ষা মন্তব্য : দীর্ঘদিন যাবত অপ্রয়োজনীয়ভাবে সরকারি অর্থ হিসাব চলতিতে রাখা, উক্ত অর্থ ব্যবহার হওয়ার সম্ভাবনা না থাকা সত্ত্বেও যথাযথ পদ্ধতিতে সরকারি হিসাবে জমা না করায় গুরুতর আর্থিক অনিয়ম সংঘটিত হয়েছে।

নিরীক্ষার সুপারিশ : অপ্রয়োজনীয়ভাবে হিসাব চলতিতে অর্থ রাখার বিষয়ে দায়-দায়িত্ব নির্ধারণ ও সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং- ০৮

শিরোনাম : ড্রেজার/সরঞ্জাম সরবরাহ না করায় ঠিকাদারের বিল হতে বিলম্বিত জরিমানার (Liquidated Damages) অর্থ আদায় না করায় সরকারের আর্থিক ক্ষতি ৫,৮২,৪৭,৯২৭ (পাঁচ কোটি বিরাশি লক্ষ সাতচল্লিশ হাজার নয়শত সাতাশ) টাকা।

বিবরণ : বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আওতাধীন প্রকল্প পরিচালক, বাংলাদেশের নদী ড্রেজিং এর জন্য ড্রেজার ও আনুষঙ্গিক যন্ত্রপাতি ক্রয় প্রকল্প, গ্রীণ রোড, ঢাকা কার্যালয়ের ২০১৭-২০১৮ হতে ২০১৯-২০২০ আর্থিক সালের হিসাব নিরীক্ষাকালে দেখা যায় যে, নির্ধারিত সময়ে মালামাল সরবরাহ না করায় লিক্যুইডেটেড ড্যামেজেস বাবদ অর্থ আদায় না করায় সরকারের আর্থিক ক্ষতি হয়েছে ৫,৮২,৪৭,৯২৭ টাকা।

নিরীক্ষাকালে প্রকল্পের বার্ষিক অগ্রগতি প্রতিবেদন, সময় বর্ধন সংক্রান্ত নথি ও ঠিকাদারের দাবীকৃত বিলসমূহ পর্যালোচনাকালে দেখা যায় যে, পরিশিষ্টে উল্লিখিত প্যাকেজ ও লটের বিপরীতে মালামাল নির্ধারিত সময়ে কার্য সম্পাদনে ব্যর্থ ঠিকাদার কর্তৃক দীর্ঘ ০৪(চার) বছরের অধিককাল পরও ড্রেজার/ড্রেজার সরঞ্জাম সামগ্রী সরবরাহ করা হয়নি। ফলে দীর্ঘ সময় পর সরবরাহ নেয়া মালামালের বিলের দাবী পরিশোধকালে Particular Conditions of Contract (পিসিসি) শর্ত ৩৪.১ লঙ্ঘন করে বিলম্বজনিত জরিমানা (Liquidated Damages) বাবদ ৫,৮২,৪৭,৯২৭ টাকা আদায় ব্যতীত বিলের দাবী পরিশোধযোগ্য নয়।

চুক্তিপত্রের পিসিসি নং- ৩৪.১এর শর্ত মোতাবেক নির্ধারিত সময়ে কার্য সম্পাদনে ব্যর্থ হলে ঠিকাদারের নিকট হতে মোট চুক্তি মূল্যের উপর ০.২৫% অথবা সর্বোচ্চ ৫% হারে বিলম্বজনিত জরিমানা আরোপযোগ্য (পরিশিষ্ট-০৬)।

অনিয়মের কারণ : পিসিসি ক্লজ ৩৪.১ এর শর্ত লঙ্ঘন।

নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব : পরবর্তীতে যে সকল মালামাল সরবরাহ করা হয়নি সেগুলোর বিল এখনও চূড়ান্ত করা হয়নি। উল্লেখিত মালামালসমূহের চূড়ান্ত বিল প্রদানের সময় CPTU স্মারক নং-২১.০০.০০০০.৩৬৩.২৭.২৫৫.২০-৩৪০, তারিখ: ২১/০৬/২০২০ খ্রি. এর নির্দেশনা, চুক্তিপত্রের শর্ত এবং বাপাউবো'র অনুমোদন মোতাবেক চূড়ান্ত বিল পরিশোধ করা হবে।

নিরীক্ষা মন্তব্য : পিসিসি এর শর্ত অনুসারে Liquidated Damages আরোপযোগ্য।

নিরীক্ষার সুপারিশ : Liquidated Damages বাবদ অর্থ আদায়পূর্বক সরকারি খাতে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-০৯

শিরোনাম : মাটি উত্তোলন কাজ বাস্তবায়নের প্রেক্ষিতে প্রাপ্য বকেয়া বাবদ অর্থ ৬২,০৪,০০৭ (বাষট্টি লক্ষ চার হাজার সাত) টাকা আদায় না করায় সরকারের আর্থিক ক্ষতি।

